# মঞ্জুরি নং-৪৫

# ১৪৮-খাদ্য মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| পরিচালন ব্যয় | ২৯২৫৭,৬৪,১৫ | ২৫৭৭৬,৩৫,০০ | ২৭৮৩৮,৪৬,০০ |
| উন্নয়ন ব্যয় | ২৮৪,২৮,০০ | ৩০৭,০২,০০ | ৩৩১,৫৮,০০ |
| **মোট** | **২৯৫৪১,৯২,১৫** | **২৬০৮৩,৩৭,০০** | **২৮১৭০,০৪,০০** |
| | | | |
| আবর্তক | ১০২১৫,৮৯,৬১ | ৮৮৬৩,২৬,৫১ | ৯৭২৫,২৭,০৬ |
| মূলধন | ১৯৩২৬,০২,৫৪ | ১৭২২০,১০,৪৯ | ১৮৪৪৪,৭৬,৯৪ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **২৯৫৪১,৯২,১৫** | **২৬০৮৩,৩৭,০০** | **২৮১৭০,০৪,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

সমন্বিত খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সকল নাগরিকের জন্য খাদ্য নিরাপত্তা ও নিরাপদতা নিশ্চিতকরণ।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ সম্ভাব্য পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব বিবেচনায় রেখে দেশের সার্বিক খাদ্য ব্যবস্থাপনা ও নীতি কৌশল প্রণয়ন, বাস্তবায়ন এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণ;

১.২.২ নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুত, সরবরাহ এবং বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ;

১.২.৩ খাদ্যশস্যের সরকারি ক্রয় ও বিক্রয়মূল্য নির্ধারণ, খাদ্যমূল্যের স্থিতিশীলতা আনয়ন এবং প্রাপ্যতা সহজলভ্যকরণ;

১.২.৪ খাদ্য গুদাম নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ;

১.২.৫ পর্যাপ্ত খাদ্যশস্য মজুত, সংরক্ষণ, খাদ্যের মান নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণ;

১.২.৬ খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিষয়ক বিনিয়োগ পরিকল্পনা, গবেষণা ও পরিধারণ;

১.২.৭ নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর আওতায় গৃহীত সকল কার্যক্রম বাস্তবায়ন; এবং

১.২.৮ বিভিন্ন আঞ্চলিক এবং আন্তর্জাতিক সংস্থার সাথে খাদ্য ব্যবস্থাপনা বিষয়ে চুক্তি সম্পাদন এবং যোগাযোগ স্থাপন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. খাদ্য নিরাপদতা নিশ্চিতকরণ | • খাদ্য নিরাপত্তা ও পুষ্টি উন্নয়নে গবেষণা<br>• খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি) এর সভা আয়োজন<br>• খাদ্য পরিস্থিতি মনিটরিং | • সচিবালয় |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • খাদ্য নীতি ও উপাত্ত সংক্রান্ত অনলাইন ডাটাবেইজ হালনাগাদকরণ।<br>• জাতীয় খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নীতি বাস্তবায়ন মনিটরিং বিষয়ে জাতীয় কমিটির সভা আয়োজন | |
| | • নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান<br>• নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক সেমিনার/ ওয়ার্কশপ/কর্মসূচি<br>• শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কার্যক্রম<br>• নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক<br>• দেশব্যাপী খাদ্যের নিরাপদতার ঝুঁকিভিত্তিক নমুনা পরীক্ষা ও মান নিয়ন্ত্রণ<br>• দেশব্যাপী খাদ্য স্থাপনা ও বাজার পরিদর্শন<br>• মোবাইল ল্যাবরেটরির মাধ্যমে তাৎক্ষণিক খাদ্য নমুনা পরীক্ষা<br>• নতুন হোটেল রেস্তোরাঁ গ্রেডিং প্রদান<br>• মোবাইল কোর্ট পরিচালনা<br>• নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উন্নয়নে বিপত্তি (Hazard) প্রশমনে নমুনা পরীক্ষণ | • বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ২. টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন, খাদ্যশস্যের বাজারমূল্য স্থিতিশীল রাখা এবং কৃষকের ফসলের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ | • অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক উৎস হতে খাদ্যশস্য সংগ্রহ (ধান, চাল ও গম)<br>• ন্যূনতম নিরাপত্তা মজুত গড়ে তোলা ও সংরক্ষণ<br>• চটের বস্তা ক্রয়<br>• পরিবহন ও গুদামে খাদ্যশস্য অপচয় হ্রাসকল্পে আধুনিক ও স্বয়ংক্রিয় ব্যবস্থাপনা প্রবর্তন | • খাদ্য অধিদপ্তর |
| ৩. দরিদ্র জনগোষ্ঠীর জন্য খাদ্য প্রাপ্তিতে অভিগম্যতা (Accessibility) নিশ্চিতকরণ | • অসচ্ছল পরিবারের সহায়তার জন্য খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনা<br>• খাদ্য বান্ধব এবং ভিডব্লিউবি খাতে ০৬টি অনুপুষ্টি (micronutrient) সমৃদ্ধ চাল সরবরাহ<br>• সামাজিক নিরাপত্তা ও ত্রাণ খাতে খাদ্যশস্য বিতরণের মাধ্যমে মূল্য স্থিতিশীল রাখা<br>• ওএমএস কর্মসূচিতে বিতরণের লক্ষ্যে সরকারি ময়দা মিলে আটা উৎপাদন<br>• জরুরি গ্রাহক (Essential Priority-EP) হিসেবে রেশন প্রাধিকারপ্রাপ্ত (এসএসএফ, এনএসআই, সশস্ত্র বাহিনী, পুলিশ, বিজিবি, আনসার ও ভিডিপি, বীর মুক্তিযোদ্ধা, দুদক, কারারক্ষী, ফায়ার সার্ভিস, মাদক) এবং অন্যান্য জরুরি (Other Priority-OP) হিসেবে কারাবন্দীদের জন্য চাল ও আটা সরবরাহ | • খাদ্য অধিদপ্তর |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৪. টেকসই এবং গ্রীণ ক্লাইমেট ও জলবায়ু সহিষ্ণু আধুনিক খাদ্য সংরক্ষণ ব্যবস্থা গড়ে তোলা | • আধুনিক টেকসই এবং মানসম্মত খাদ্য সংরক্ষণাগার ও আনুষঙ্গিক স্থাপনা নির্মাণ<br>• পুরাতন ও ক্ষতিগ্রস্থ খাদ্য গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত<br>• খাদ্যশস্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ<br>• কৃষকদের প্রণোদনা মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণ<br>• দরিদ্রদের জন্য ন্যায্য মূল্যে খাদ্যশস্যের প্রাপ্তি | • খাদ্য অধিদপ্তর |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ খাদ্য নিরাপদতা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সার্বিক খাদ্য নিরাপদতা বৃদ্ধির ফলে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে, যা দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ ভূমিকা রাখবে। মানসম্মত নিরাপদ ও অনুপুষ্টি সমৃদ্ধ খাদ্যশস্য সরবরাহের মাধ্যমে দরিদ্র জনগণের পুষ্টি চাহিদা পূরণ ও সুস্বাস্থ্য নিশ্চিত করবে। এতে তাদের কর্মক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবিকা ও উপার্জনে ইতিবাচক প্রভাব পড়বে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** খাদ্য নিরাপদতা নিশ্চিত করা হলে দেশের অর্ধেক জনগোষ্ঠী হিসেবে নারী সরাসরি উপকৃত হবে। জাতীয় খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নীতি, কৃষি ও খাদ্য খাতের সার্বিক জেন্ডার সংবেদনশীল কার্যক্রম বৃদ্ধি করবে। মহিলা ও শিশুদের খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণের মাধ্যমে তাদের সুস্বাস্থ্য নিশ্চিত তথা জীবনযাত্রার মান উন্নত হবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের  উপর প্রভাব:** খাদ্য নিরাপদতা নিশ্চিতের অভিপ্রায়ে খাদ্য নমুনা সংগ্রহপূর্বক গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ক্ষতিকর উপাদান যেমন- ভারী ধাতু, প্লাস্টিক, মাইকোটক্সিন ইত্যাদি সনাক্ত করা হয়। এতে খাদ্যশস্য উৎপাদন প্রক্রিয়ায় সচেতনতা সৃষ্টির মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষার সুযোগ সৃষ্টি হয়।

#### ৩.১.২ টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন ও কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** অর্থবছরের শুরুতে সরকারি গুদামে ন্যুনতম ১৩.০০ লক্ষ মে.টন খাদ্যশস্য মজুত থাকে। সরকারিভাবে ৩ মাসের স্বাভাবিক বিতরণ ও আপদকালীন মজুতের জন্য প্রয়োজনীয় আগাম মজুত সংরক্ষণ করা হয়। আপদকালে এ সংরক্ষিত খাদ্যশস্য খোলাবাজারে বিক্রয়ের ফলে দরিদ্র জনগোষ্ঠী স্বল্প মূল্যে খাদ্য ক্রয় করতে পারবে। এভাবে ফসল মাড়াই মৌসুমে দরিদ্র প্রান্তিক কৃষক পরিবারগুলো সরকারের নিকট ন্যায্যমূল্যে সরাসরি খাদ্যশস্য বিক্রয়ের সুযোগ পেলে দরিদ্র কৃষক পরিবারগুলো মধ্যস্বত্বভোগীদের শোষণ হতে রেহাই পাবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব**: দেশে খাদ্য সংকট সৃষ্টি হলে নারী ও শিশুরা তুলনামূলকভাবে বেশী ক্ষতিগ্রস্ত হয়। সরকারি পর্যায়ে খাদ্যশস্যের নিরাপদ মজুত নিশ্চিত করা গেলে সংকটকালে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ করা সম্ভব হবে। এতে পরিবারের নারীরা পরোক্ষভাবে উপকৃত হবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** টেকসই খাদ্য নিরাপত্তার লক্ষ্যে খাদ্যশস্য ধারণক্ষমতা বৃদ্ধির জন্য জলবায়ু অভিঘাত সহিষ্ণু আধুনিক খাদ্য গুদাম নির্মাণের ফলে জলবায়ু ঝুঁকি প্রবণ এলাকায় সরকারি পর্যায়ে খাদ্য সরবরাহ নিরবচ্ছিন্ন রাখা সম্ভব হবে।

#### ৩.১.৩ দরিদ্র জনগোষ্ঠীর জন্য খাদ্য প্রাপ্তিতে (Accessibility) অভিগম্যতা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** খাদ্য মন্ত্রণালয় খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় করে। এতে দরিদ্র জনগণ স্বল্পমূল্যে খাদ্যশস্য সংগ্রহ করতে পারে। এছাড়া টেস্ট রিলিফ, টিসিবি, ভিজিএফ, কাবিখা, ভিডব্লিউবি ইত্যাদি কর্মসূচির জন্য খাদ্য মন্ত্রণালয় খাদ্যশস্য সরবরাহ করে থাকে। এসকল কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে গ্রামাঞ্চলে দরিদ্র লোকের কর্মসংস্থানের সৃষ্টি হবে। খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে গ্রামের হতদরিদ্র, ভূমিহীন, কৃষিশ্রমিক, দিনমজুর, উপার্জনে অক্ষম জনগোষ্ঠী কর্মাভাবকালীন স্বল্পমূল্যে খাদ্যশস্য প্রাপ্তির পথ সুগম হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব**: খাদ্য মন্ত্রণালয়ের খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) একটি নারীবান্ধব কর্মসূচি। দুঃস্থ নারীরা সরাসরি স্বল্পমূল্যে খাদ্যশস্য ক্রয়ের সুযোগ পায়। খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে চাল বিতরণের ক্ষেত্রে গ্রামের বিধবা/তালাক প্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যেসব দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধী রয়েছে তারা অগ্রাধিকার পায় বিধায় খাদ্য প্রাপ্তিতে নারীদের অভিগম্যতা নিশ্চিত হবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** দুর্যোগপ্রবণ ও জলবায়ু উপদ্রুত এলাকায় খাদ্যবান্ধব কর্মসূচি ও খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস)-এর মাধ্যমে জলবায়ুর বিরূপ প্রভাবে সৃষ্ট দুর্যোগে ক্ষতিগ্রস্থ এলাকার জনগণের আর্থ-সামাজিক ঝুঁকি হ্রাস পাবে।

### ৩.১.৪ টেকসই এবং গ্রিন ক্লাইমেট ও জলবায়ু সহিষ্ণু আধুনিক খাদ্য সংরক্ষণ ব্যবস্থা গড়ে তোলা

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব**: খাদ্য মন্ত্রণালয়ের নিয়মিত খাদ্য সংরক্ষণাগারের ধারণক্ষমতা বর্তমানে ২২.৭৬ লক্ষ মে. টন। ভবিষ্যতে ৩৭.০০ লক্ষ মে. টনে উন্নীতকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। এছাড়াও দুর্যোগপ্রবণ এলাকায় পারিবারিক সাইলো নির্মাণ করা হয়েছে, যা খাদ্যশস্য সংরক্ষণের ধারণক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখছে। ফলে দুর্যোগকালে দরিদ্র জনগোষ্ঠীর খাদ্যাভাব দূর হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** খাদ্য সংরক্ষণাগারের ধারণক্ষমতা বৃদ্ধির ফলে সামাজিক নিরাপত্তা কর্মসূচি যথা খাদ্যবান্ধব কর্মসূচি ও খোলাবাজারের চাল/আটা বিক্রয় বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখছে। এই সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচি অর্থাৎ খাদ্যবান্ধব কর্মসূচি ও খোলাবাজারে চাল/আটা বিক্রি কর্মসূচির প্রায় অর্ধেক ভোক্তাই দেশের নারী সমাজ। নারীদের খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত হলে তাদের কর্মক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে সরাসরি ভূমিকা রাখতে পারবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** বর্তমানে নির্মিত ও নির্মানাধীন খাদ্য সংরক্ষণাগার গ্রীণ ক্লাইমেট, জলবায়ু ও দুর্যোগ সহিষ্ণু বিধায় তা জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব থেকে খাদ্যশস্যকে নিরাপদ রাখছে এবং দুর্যোগ পরবর্তী জরুরি ত্রাণ সরবরাহে ভূমিকা রাখছে।

### ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ৮৮২৫,৬৯,৯১ | ৭৬৩০,৪৭,৭০ | ৭৬৩০,৪৭,৭০ |
| নারী উন্নয়ন | ১৫৮৯,৭৫,৫৫ | ১৫৯৩,৩৫,৪৮ | ১৫৯৩,৩৫,৪৮ |
| জলবায়ু পরিবর্তন | ৫৯৮,১৫,০০ | ৬৫৭,৯৬,৫০ | ৭২৩,৭৬,১৫ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১ | ২ |
| **১. খাদ্য নিরাপত্তা ও নিরাপদতা নিশ্চিতকরণ**<br>মানসম্মত ও পুষ্টিসমৃদ্ধ খাদ্য সহজলভ্য করার জন্য নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কার্যক্রম দেশব্যাপী বাস্তবায়নের মাধ্যমে মানুষের জীবন ও স্বাস্থ্য সুরক্ষার জন্য নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিত করা প্রয়োজন। নিরাপদ খাদ্য ব্যবহার, বিক্রয় ইত্যাদি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং ভেজাল বিরোধী অভিযান পরিচালনায় অগ্রাধিকার প্রদান করা রয়েছে। | • খাদ্য নিরাপত্তা ও নিরাপদতা নিশ্চিতকরণ |
| **২. টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন ও কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ**<br>যে কোন দুর্যোগ মোকাবেলা করা এবং বাজারমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে সরকারি পর্যায়ে খাদ্যশস্যের পর্যাপ্ত মজুত ব্যবস্থাকে অগ্রাধিকার দেয়া হয়েছে। অন্যদিকে, কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে প্রণোদনা মূল্যে | • টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন ও কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১ | ২ |
| খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রমকেও অগ্রাধিকার দেয়া হয়েছে। | |
| **৩. দরিদ্র জনগোষ্ঠীর জন্য খাদ্য প্রাপ্তিতে অভিগম্যতা (Accessibility) নিশ্চিতকরণ**<br>স্বল্প ও নিম্ন আয়ের জনগোষ্ঠীর স্বল্পমূল্যে খাদ্যশস্য প্রাপ্তির সুবিধার্থে ইউনিয়ন পর্যায়ে খাদ্যবান্ধব কর্মসূচি এবং শহরাঞ্চলে খাদ্য অধিদপ্তর ও টিসিবির মাধ্যমে ওএমএস কার্যক্রম পরিচালনাকে অগ্রাধিকার দেয়া হয়েছে। | • দরিদ্র জনগোষ্ঠীর জন্য খাদ্য প্রাপ্তিতে অভিগম্যতা নিশ্চিতকরণ |
| **৪. টেকসই এবং গ্রীণ ক্লাইমেট ও জলবায়ু সহিষ্ণু আধুনিক খাদ্য সংরক্ষণ ব্যবস্থা গড়ে তোলা**<br>দেশের খাদ্য নিরাপত্তা গড়ে তোলার স্বার্থে অভ্যন্তরীণ উৎস হতে খাদ্যশস্য (চাল, গম) সংগ্রহ এবং প্রয়োজনে আমদানির মাধ্যমে মজুত বৃদ্ধির ও খাদ্যশস্যের গুণগত মান বজায় রাখার জন্য আধুনিক ও মানসম্মত সংরক্ষণাগারের কোন বিকল্প নেই। তাই আধুনিক খাদ্য গুদাম, দুর্যোগ ঝুঁকি মোকাবেলায় সক্ষম ও জলবায়ু সহিষ্ণু সাইলো নির্মাণ ও বিদ্যমান অবকাঠামো সংস্কারের কাজকে অগ্রাধিকার দেয়া হবে। | • টেকসই এবং গ্রিন ক্লাইমেট ও জলবায়ু সহিষ্ণু আধুনিক খাদ্য সংরক্ষণ ব্যবস্থা গড়ে তোলা |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৫-২৬ হতে ২০২৭-২৮)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| সচিবালয়, খাদ্য মন্ত্রণালয় | ১৭১,৩১,০০ | ৯০,৩০,১৬ | ১০৫,৯১,০০ | ১০৯,০৩,১৯ | ১৩১,১৬,৩৯ |
| প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তর | ২২৭১০,৮২,২৯ | ২৬৫০৬,০১,৫২ | ২৯০০১,৯৩,৩২ | ২৫৫০৮,৯৫,৪৪ | ২৭৫৫৩,৮৫,১১ |
| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহ | ১০,৭৩,১৪ | ৯,৫১,৩৩ | ১০,৪৯,৭৯ | ১১,০৩,৯৫ | ১১,৯২,৯২ |
| জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহ | ৪৭,০০,৭০ | ৪২,২৮,২৩ | ৪৫,৭৫,১৬ | ৪৯,২৯,২৩ | ৫১,৫৮,২৪ |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহ | ৮৭,২২,৭৫ | ৭৯,৮৫,৫০ | ৮৮,৫৪,৪২ | ৯৩,১৫,৩২ | ৯৭,৯৫,৪৭ |
| সাইলোসমূহ, খাদ্য অধিদপ্তর | ৪৫,৯২,৯৮ | ৪৪,৩৩,০৩ | ৪৮,৫৮,২১ | ৫০,৩৩,৩৮ | ৫২,১৭,৪২ |
| কেন্দ্রীয় সংরক্ষণ ডিপোসমূহ (সিএসডি), খাদ্য অধিদপ্তর | ৫৮,১২,৫৪ | ৫৩,৪২,৮০ | ৫৬,৬৬,৭৬ | ৬১,০৯,৪৬ | ৬৩,৪১,৩৩ |
| স্থানীয় সংরক্ষণ ডিপোসমূহ (এলএসডি), খাদ্য অধিদপ্তর | ১৭০,৬৩,৫৮ | ১৫৮,৫৮,৪২ | ১৬৯,২৭,১৬ | ১৮৪,৬৮,২০ | ১৯১,৩১,২৪ |
| প্রধান মিলার এর কার্যালয়, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, খাদ্য অধিদপ্তর | ৫,৫৬,১০ | ৫,৩০,০৫ | ৬,২৩,৭২ | ৬,৭৬,৬১ | ৭,১৯,৯০ |
| চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, খাদ্য অধিদপ্তর | ৮,৬১,৫১ | ৭,৮৬,৯৭ | ৮,৫২,৬১ | ৯,০২,২২ | ৯,৪৫,৯৮ |
| **সর্বমোট :** | **২৩৩১৫,৯৬,৫৯** | **২৬৯৯৭,৪৮,০১** | **২৯৫৪১,৯২,১৫** | **২৬০৮৩,৩৭,০০** | **২৮১৭০,০৪,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৪১৪,১০,৪৪ | ৩৭৯,১৬,৯২ | ৪১১,৫৩,৪৪ | ৪৫২,২১,৫৬ | ৪৭১,১৫,১০ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৬৮,১৫,৫৬ | ৫১,৩২,০১ | ৬৯,২৬,২৫ | ৬৩,০৭,২৮ | ৬৭,৪৭,৯৩ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ২৭০,৫৫,৮২ | ২৬৭,৯৯,৮৮ | ৩১৬,৭৯,৩৯ | ৩১৮,৩৮,২৪ | ৩৪১,৭৯,৩৯ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৬,৩১,৪৫ | ৩,৯০,০০ | ৫,০০,০০ | ৫,৭৪,৫০ | ৭,৪৮,৫৭ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৪,৪৭,১০ | ৪,৬৬,১০ | ৪,৭৮,৮৯ | ৪,৪৭,৩০ | ৪,৬৮,০৭ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৫,৩৪,৪৫ | ৩,৮৮,৫১ | ৪,৯২,৮২ | ৫,৯২,১০ | ৬,২৪,২৪ |
| ৩২৫১ | কৃষিজ সরবরাহ | ৪,০০,০০ | ৪,০০,০০ | ৫,০০,০০ | ৫,০০,০০ | ৫,৫০,০০ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ৭,২২,০০ | ৬,৯৬,০০ | ৬,৬২,০০ | ৬,৩২,৯৭ | ৬,৫০,০০ |
| ৩২৫৪ | খাদ্য সরবরাহ | ১০২২,৫৬,১১ | ১০৩৫,২৩,৫৫ | ১২৬৮,৮৯,৫৯ | ১২৬১,৭৮,৪৪ | ১৩৭৭,০৭,৫৪ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৭,৬৭,০১ | ৬,৯৯,১১ | ৮,৬২,৭০ | ৯,৫৮,৮৫ | ১০,১৪,৭৯ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ২,৭৫,০০ | ২,২৯,৬৭ | ১,০৭,৬৫ | ১,১৬,৯০ | ১,১৫,২৭ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৫১,৫২,১০ | ৫৮,৬৭,৯০ | ৮,৭২,৪১ | ৫,৩৬,৮২ | ৩,৯৭,০৮ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৪২,৬৫,০৮ | ৪২,৪৮,১৮ | ৪৫,৯৮,৮৫ | ৫৫,৮৮,৭৩ | ৫৮,৩৩,২৮ |
| ৩৫১১ | অআর্থিক সরকারি কর্পোরেশনকে দেয় ভরতুকি | ৫২৬২,২০,৮৯ | ৬৪২১,৮০,৮৫ | ৭৯৬৪,৯৭,৬৯ | ৬৫৮৮,৮৫,৯৫ | ৭২৮০,২১,৭৩ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৪৪,৪৪,০০ | ৪২,৩৪,০০ | ৪৩,৩৪,০০ | ৪৬,৯২,৯২ | ৫০,৮১,৭৫ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৫,২৫,০০ | ৩,১০,০০ | ২,৫০,০০ | ৩,৫৫,০০ | ৩,৭০,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ২৪,৩৫,৭৩ | ৩১,২৮,৬১ | ৩৫,১২,৭৩ | ২৫,৭৮,৭৬ | ২৬,৩৪,০০ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ২৬,৯৩,০০ | ২১,৯৩,৫৩ | ১১,৭২,০০ | ০ | ০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৬,২৯,৯৮ | ০ | ৯৯,২০ | ৩,২০,১৯ | ২,৬৮,৩২ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৭২৭৬,৮০,৭২** | **৮৩৮৮,০৪,৮২** | **১০২১৫,৮৯,৬১** | **৮৮৬৩,২৬,৫১** | ৯৭২৫,২৭,০৬ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ১০৪৭,৫৫,৪০ | ১১২৮,৯৭,৫১ | ২১১,১৯,৭০ | ২১৭,৮৮,৯৫ | ৭৮,৬০,০০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১৯৫,০০,৮৮ | ১৭৮,২৬,৫৬ | ৭০,৬৭,৮২ | ১৭৪,২৮,৫৮ | ৩৩০,৮৯,১৯ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ৫৫,৯৯ | ১৬,৫০ | ৯২,০০ | ৬৮,০০ | ৭৫,০০ |
| ৪১২৪ | পুর্নবিক্রয় সামগ্রী | ১৪৭১৩,৩৫,৪৯ | ১৭২৯২,৩৯,০৫ | ১৯০১৩,৮০,০০ | ১৬৭৮৯,১৯,৭৩ | ১৭৯৭৯,৪৬,৭৫ |
| ৪১৪১ | ভূমি | ৯,০০,০১ | ০ | ৭,৬৬,০২ | ৭,৪৫,০০ | ৮,৫০,০০ |
| ৪১৪৪ | অপরিমাপযোগ্য অউৎপাদিত সম্পদ | ৫,৫০,১০ | ৫,৫০,১০ | ২০,০০ | ০ | ০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ৪,৩৩,০০ | ৪,১৩,৪৭ | ১,৫৭,০০ | ০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৬৩,৮৫,০০ | ০ | ২০,০০,০০ | ৩০,৬০,২৩ | ৪৬,৫৬,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **১৬০৩৯,১৫,৮৭** | **১৮৬০৯,৪৩,১৯** | **১৯৩২৬,০২,৫৪** | **১৭২২০,১০,৪৯** | ১৮৪৪৪,৭৬,৯৪ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **২৩৩১৫,৯৬,৫৯** | **২৬৯৯৭,৪৮,০১** | **২৯৫৪১,৯২,১৫** | **২৬০৮৩,৩৭,০০** | ২৮১৭০,০৪,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. খাদ্য নিরাপত্তা, নিরাপদতা ও পুষ্টি পরিস্থিতির উন্নতি সাধন | ১ | খাদ্যবান্ধব কর্মসূচিতে ২৫৬ টি উপজেলায় পুষ্টি চাল বিতরণের হার (%) | ৯০ | ৯০ | ৯৫ | ৯০ | ৯৫ | ৯৬ | ৯৭ |
| ২. ন্যূনতম নিরাপত্তা মজুদ গড়ে তোলা ও সংরক্ষণ | ২ | লক্ষ মেঃ টন | ১৩.০০ | ১৪.৭৩ | ১৩.০০ | ১৪.৩৬ | ১৩.০০ | ১৩.০০ | ১৩.০০ |

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ৩. খাদ্যশস্য সংরক্ষণ ক্ষমতা বৃদ্ধিকরণ | ৪ | লক্ষ মে.টন | ২২.৭৬ | ২২.৮২ | ২৩.৮০ | ২৩.৮৭ | ২৪.৩৫ | ২৫.১১ | ২৭.০০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

**৬.১.১ সাম্প্রতিক অর্জন:** নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে ৩টি বিধিমালা এবং ১১টি প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে। পল্লী অঞ্চলে হতদরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়ার জন্য খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে হতদরিদ্র ৫০ লক্ষ পরিবারকে বছরের ৫ মাস কর্মাভাব সময়ে প্রতি কেজি চাল মাত্র ১৫ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হয়েছে। নিরাপদ খাদ্য বিষয়ে পারিবারিক খাদ্য নির্দেশিকা গাইডলাইন প্রণয়ন করা হয়েছে। নিরাপদ খাদ্য সংক্রান্ত কোন তথ্য জানা এবং অভিযোগ দেয়ার জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ১৬১৫৫ নম্বর হটলাইন চালু করা হয়েছে।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃতঅর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. খাদ্য নিরাপত্তা ও পুষ্টি উন্নয়নে গবেষণা | প্রকাশিত খসড়া রিপোর্ট | ১ | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ২. খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সভা | অনুষ্ঠিত সভা | ১ | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| ৩. খাদ্য পরিস্থিতি মনিটরিং | প্রকাশিত রিপোর্ট | ১ | সংখ্যা | ২৬ | ২৬ | ২৮ | ২৮ | ২৮ | ২৮ | ২৮ |
| ৪. খাদ্য নীতি ও উপাত্ত সংক্রান্ত অনলাইন ডাটাবেজ হালনাগাদকরণ | হালনাগাদকৃত ডাটাবেজ | ১ | সংখ্যা | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ |
| ৫. জাতীয় খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নীতি বাস্তবায়ন মনিটরিং বিষয়ে জাতীয় কমিটির সভা | অনুষ্ঠিত সভা | ১ | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |

#### ৬.১.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪৮০১০১ - সচিবালয়, খাদ্য মন্ত্রণালয় | | ১৪,৪৮,০৮ | ২৫,৮৫,৫০ | ১৭,৫৬,৬৬ | ২৫,০৩,০০ | ২৬,৯২,০৪ | ২৯,১১,১৪ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৪,৪৮,০৮** | **২৫,৮৫,৫০** | **১৭,৫৬,৬৬** | **২৫,০৩,০০** | **২৬,৯২,০৪** | **২৯,১১,১৪** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২৭০০০৪০১ - এগ্রিকালচার এন্ড ফুড মার্কেটিং এসোসিয়েশন (এ.এফ.এম.এ.) | | ০ | ৪,৫০ | ৪,৫০ | ১০,০০ | ২৫,০০ | ১৭,৫০ |
| ১২৭০২২৭০১ - ইসলামিক অর্গানাইজেশন ফর ফুড সিকিউরিটি (আইওএফএস) | ১ | ৫০,২০ | ৬১,০০ | ১,১৮,০০ | ৭৫,০০ | ৭৮,০০ | ৮০,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **৫০,২০** | **৬৫,৫০** | **১,২২,৫০** | **৮৫,০০** | **১,০৩,০০** | **৯৭,৫০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৪,৯৮,২৮** | **২৬,৫১,০০** | **১৮,৭৯,১৬** | **২৫,৮৮,০০** | **২৭,৯৫,০৪** | **৩০,০৮,৬৪** |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১৪৮ - খাদ্য মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১ | ০ | ৬৩,৮৫,০০ | ০ | ২০,০০,০০ | ৩০,৬০,২৩ | ৪৬,৫৬,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **৬৩,৮৫,০০** | **০** | **২০,০০,০০** | **৩০,৬০,২৩** | **৪৬,৫৬,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **৬৩,৮৫,০০** | **০** | **২০,০০,০০** | **৩০,৬০,২৩** | **৪৬,৫৬,০০** |
| মোট : | | **১৪,৯৮,২৮** | **৯০,৩৬,০০** | **১৮,৭৯,১৬** | **৪৫,৮৮,০০** | **৫৮,৫৫,২৭** | **৭৬,৬৪,৬৪** |

## ৬.২ খাদ্য অধিদপ্তর

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** কৃষকের নিকট হতে ধান সংগ্রহে “কৃষকের অ্যাপ” চালু করা হয়েছে। ২০২১-২২ হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত সরকারি বিভিন্ন চ্যানেলে মোট ৯৩.৪৬ লক্ষ মে:টন খাদ্যশস্য বিক্রয়/বিতরণ করা হয়েছে । তন্মধ্যে শুধু ওএমএস ও খাদ্য বান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিক্রয় করা হয়েছে মোট ৪৯.১৪ লক্ষ মে:টন। খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা বাড়াতে ২০২৩-২৪ অর্থবছরে ২০টি নতুন খাদ্য গুদাম নির্মাণসহ ২৪টি পুরাতন আবাসিক/অনাবাসিক/অন্যান্য স্থাপনাসমূহ মেরামত করা হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যে এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক উৎস হতে খাদ্যশস্য সংগ্রহ | | | | | | | | | | |
| ক) চাল সংগ্রহ | আমদানিকৃত ও অভ্যন্তরীণভাবে সংগৃহীত চাল | ২ | লক্ষ মে.টন | ২০.৮৫ | ২০.০৫ | ১৯.২৫ | ২৫.০৪ | ২২.০০ | ২৩.৫০ | ২৪.০০ |
| খ) ধান সংগ্রহ | অভ্যন্তরীণভাবে সংগৃহীত ধান | ২ | লক্ষ মে.টন | ৪.৭২ | ২.৪২ | ৫.৩০ | ৩.৭৫ | ৫.৫০ | ৫.৫০ | ৬.০০ |
| গ) গম সংগ্রহ | আমদানিকৃত ও অভ্যন্তরীণভাবে সংগৃহীত গম | ২ | লক্ষ মে.টন | ৭.০১ | ৮.১৮ | ৭.১০ | ৭.০১ | ৬.২৫ | ৭.০০ | ৭.০০ |
| ২. ন্যূনতম নিরাপত্তা মজুত গড়ে তোলা ও সংরক্ষণ | মজুত খাদ্যশস্য | ২ | লক্ষ মে.টন | ১৩.০০ | ১৪.৭৩ | ১৩.০০ | ১৩.০০ | ১৩.০০ | ১৩.০০ | ১৩.০০ |
| ৩. চটের বস্তা ক্রয় | ক্রয়কৃত বস্তার সংখ্যা | ২ | (কোটি) | ৯.০৩ | ৭.৯৮ | ৭.৯৯ | ৭.৬৮ | ৮.২৯ | ৮.৫৫ | ৮.৮৪ |
| ৪. পরিবহন ও গুদামে খাদ্যশস্যের অপচয় হ্রাসকল্পে আধুনিক ও স্বয়ংক্রিয় ব্যবস্থাপনা প্রবর্তন | | | | | | | | | | |
| ক) সীমার মধ্যে গুদাম ঘাটতি | ঘাটতির হার | ২ | % | ০.৪০ | ০.৩৫ | ০.৪০ | ০.৪০ | ০.৪৫ | ০.৪৫ | ০.৪৫ |
| খ) সীমার মধ্যে পরিবহন ঘাটতি | ঘাটতির হার | ২ | % | ০.১১০ | ০.১০ | ০.১২৫ | ০.১১০ | ০.১২০ | ০.১২০ | ০.১২০ |
| ৫. অস্বচ্ছল পরিবারের সহায়তার জন্য খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনা | লক্ষ্যমাত্রার বিপরীতে বিতরণের হার | ৩ | % | ৯৮ | ৯৮ | ৯৮ | ৯৮ | ৯৮.৫০ | ৯৯ | ৯৯.৫০ |
| ৬. খাদ্যবান্ধব ও ভিডব্লিউবি কর্মসূচিতে ০৬টি অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | বিতরণকৃত পরিমাণ | ৩ | হাজার মে.টন | ৩৫০.০০ | ২১৫.০০ | ৩৫০.০০ | ৩৫০.০০ | ৪০০.০০ | ৪২০.০০ | ৪৫০.০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যে এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৭. সামাজিক নিরাপত্তা ও ত্রাণ খাতে খাদ্যশস্য বিতরণের মাধ্যমে মূল্য স্থিতিশীল রাখা | সরবরাহকৃত পরিমাণ | ৩ | লক্ষ মে.টন | ১১.৬৯ | ১০.৬২ | ১১.৫৮ | ১০.৯৯ | ১১.১০ | ১১.০৭ | ১১.০৬ |
| ৮. ওএমএস কর্মসূচিতে বিতরণের লক্ষ্যে সরকারি ময়দা মিলে আটা উৎপাদন | উৎপাদিত আটা (বার্ষিক) | ৩ | হাজার মে.টন | ২৫.০০ | ২৩.৩১ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৬.০০ | ২৭.০০ |
| ৯. জরুরি গ্রাহক (ইপি), ওপি খাতে খাদ্যশস্য সরবরাহ | বিতরণকৃত খাদ্যশস্য | ৩ | লক্ষ মে.টন | ৪.২০ | ৪.০৫ | ৩.৯৯ | ৪.১৬ | ৪.২৯ | ৪.৩৭ | ৪.৩৭ |
| ১০. আধুনিক ও টেকসই খাদ্য সংরক্ষণাগার ও আনুষজ্ঞিক স্থাপনা নির্মাণ | স্থাপনা নির্মাণের অগ্রগতি | ৪ | % | ২৫ | ২০ | ২০ | ২০ | ২০ | ২০ | ২০ |
| ১১. পুরাতন ও ক্ষতিগ্রস্ত খাদ্যগুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | মেরামতকৃত স্থাপনা | ৪ | সংখ্যা | ২৫ | ২৪ | ৩০ | ২৭ | ৩০ | ৩৫ | ৪০ |
| ১২. খাদ্যশস্য ব্যবস্থাপনায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ৪ | জন/ঘন্টা | ৬০ | ৫০ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ |
| ১৩. কৃষকদের প্রণোদনা মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণ | | | | | | | | | | |
| কৃষকের নিকট হতে ধান সংগ্রহ | সংগৃহীত খাদ্যশস্য | ২ | লক্ষ মেঃ টন | ৪৯ | ৮১ | ৫৫ | ৮৩ | ৮৫ | ৮৬ | ৮৭ |
| কৃষকের নিকট হতে গম সংগ্রহ | | | | ৩.৭ | ৪০ | ১৫ | ৩০ | ৩২ | ৩৫ | ৩৬ |
| ১৪. দরিদ্রদের জন্য ন্যায্য মূল্যে খাদ্যশস্যের প্রাপ্তি | | | | | | | | | | |
| ওএমএস খাতে চাল বিতরণ | বিতরণকৃত খাদ্যশস্য | ৩ | লক্ষ মেঃ টন | ১০০ | ১০০ | ৯৯.৫০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ওএমএস খাতে গম বিতরণ | | | | ৯৮.৭০ | ৯৬ | ৯৮ | ৯৮ | ৯৯ | ১০০ | ১০০ |
| খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল বিতরণ | | | | ৯৮.৫০ | ৯৮.৫০ | ৯৮.৬০ | ৯৯ | ৯৯ | ১০০ | ১০০ |

## ৬.২.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪৮০২০১ - প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তর | | ১৬৩,১১,৩৯ | ২২৪,৭৭,১৩ | ১২৫,৫২,২৪ | ১৭১,৬৪,৪০ | ২৬০,০৬,৬১ | ২৬৯,৬১,৬৫ |
| ১৪৮০২০২ - আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহ | | ২০,২৬,১৩ | ১০,৭৩,১৪ | ৯,৫১,৩৩ | ১০,৪৯,৭৯ | ১১,০৩,৯৫ | ১১,৯২,৯২ |
| ১৪৮০২০৩ - জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহ | | ৩৫,৪১,০৩ | ৪৭,০০,৭০ | ৪২,২৮,২৩ | ৪৫,৭৫,১৬ | ৪৯,২৯,২৩ | ৫১,৫৮,২৪ |
| ১৪৮০২০৪ - উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহ | | ৭৫,৯৪,৩৯ | ৮৭,২২,৭৫ | ৭৯,৮৫,৫০ | ৮৮,৫৪,৪২ | ৯৩,১৫,৩২ | ৯৭,৯৫,৪৭ |
| ১৪৮০২০৫ - সাইলোসমূহ, খাদ্য অধিদপ্তর | | ৩৬,২০,০৭ | ৪৫,৯২,৯৮ | ৪৪,৩৩,০৩ | ৪৮,৫৮,২১ | ৫০,৩৩,৩৮ | ৫২,১৭,৪২ |
| ১৪৮০২০৬ - কেন্দ্রীয় সংরক্ষণ ডিপোসমুহ (সিএসডি), খাদ্য অধিদপ্তর | | ৩৯,৬৮,৭৯ | ৫৮,১২,৫৪ | ৫৩,৪২,৮০ | ৫৬,৬৬,৭৬ | ৬১,০৯,৪৬ | ৬৩,৪১,৩৩ |
| ১৪৮০২০৭ - স্থানীয় সংরক্ষণ ডিপোসমূহ (এলএসডি), খাদ্য অধিদপ্তর | | ১৪৩,৩৭,৭৯ | ১৭০,৬৩,৫৮ | ১৫৮,৫৮,৪২ | ১৬৯,২৭,১৬ | ১৮৪,৬৮,২০ | ১৯১,৩১,২৪ |
| ১৪৮০২০৮ - প্রধান মিলার এর কার্যালয়, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, খাদ্য অধিদপ্তর | | ৩,৬৬,৯০ | ৫,৫৬,১০ | ৫,৩০,০৫ | ৬,২৩,৭২ | ৬,৭৬,৬১ | ৭,১৯,৯০ |
| ১৪৮০২০৯ - চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, খাদ্য অধিদপ্তর | | ৬,৩১,৫২ | ৮,৬১,৫১ | ৭,৮৬,৯৭ | ৮,৫২,৬১ | ৯,০২,২২ | ৯,৪৫,৯৮ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৫২৩,৯৮,০১** | **৬৫৮,৬০,৪৩** | **৫২৬,৬৮,৫৭** | **৬০৫,৭২,২৩** | **৭২৫,৪৪,৯৮** | **৭৫৪,৬৪,১৫** |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০০৬১৬ - খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় বাবদ ভরতুকি | ৪,৫ | ৪৩৭১,৭৯,৯৩ | ২০০৪,২২,৪৪ | ৩২৪০,৬০,৪৫ | ৩৪৩৩,০৭,৮৪ | ৩১০০,৭৯,২৭ | ৩৭৩৫,৬২,১৬ |
| ১২০০০০৬২২ - খাদ্যবান্ধব কর্মসূচির জন্য খাদ্য ভরতুকি | ৩ | ০ | ৩২৫৭,৯৮,৪৫ | ৩১৮১,২০,৪০ | ৪৫৩১,৮৯,৮৫ | ৩৪৮৮,০৬,৬৮ | ৩৫৪৪,৫৯,৫৭ |
| ১২০০০২৬০৩ - বৈদেশিক ঋণ দ্বারা খাদ্য আমদানি | ৩ | ০ | ৫,৪৯ | ৫,৪০ | ০ | ১০,০৯ | ১০,৭৫ |
| ১২০০০২৬০৪ - নিজস্ব সম্পদ দ্বারা খাদ্য আমদানি | ৩ | ৬২৪৯,০৮,১৮ | ৫৮০৬,০০,০০ | ৮৫৬৬,০০,০০ | ৭৮০০,৮০,০০ | ৫৬২২,০৯,৬৪ | ৬৮৮০,১১,০০ |
| ১২০০০২৬০৫ - অভ্যন্তরীণ খাদ্য সংগ্রহ | ১-২ | ৮৬২৯,৯৫,৩৬ | ৮৯০৭,৩০,০০ | ৮৭২৬,৩৩,৬৫ | ১১২১৩,০০,০০ | ১১১৬৭,০০,০০ | ১১০৯৯,২৫,০০ |
| ১২০০০২৬০৬ - খাদ্য পরিচালন ব্যয় | ১-৭ | ১০৮০,০২,২৭ | ১৩০৬,০৭,৭৮ | ১৩১৬,৩১,৩৮ | ১৬০০,৫২,২৩ | ১৫৯৪,৪১,৩৮ | ১৭৩৯,৫২,৯৮ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **২০৩৩০,৮৫,৭৪** | **২১২৮১,৬৪,১৬** | **২৫০৩০,৫১,২৮** | **২৮৫৭৯,২৯,৯২** | **২৪৯৭২,৪৭,০৬** | **২৬৯৯৯,২১,৪৬** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২০৮৫৪,৮৩,৭৫** | **২১৯৪০,২৪,৫৯** | **২৫৫৫৭,১৯,৮৫** | **২৯১৮৫,০২,১৫** | **২৫৬৯৭,৯২,০৪** | **২৭৭৫৩,৮৫,৬১** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪১১০১০০ - আধুনিক খাদ্য সংরক্ষনাগার নির্মাণ (৪র্থ সংশোধিত)(০১/০১/২০১৪ - ৩১/১২/২০২৫) | ২,১২ | ৪৫৭,৬১,০২ | ১০৮০,৪১,০০ | ১১৯৯,৬৯,০০ | ৪৬,০০,০০ | ০ | ০ |
| ২২৪৩৩৯৭০০ - * দেশের বিভিন্ন স্থানে ধান শুকানো, সংরক্ষণ ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদিসহ আধুনিক ধানের সাইলো নির্মাণ (প্রথম ৩০টি সাইলো নির্মাণ পাইলট প্রকল্প) (১ম সংশোধিত)(০১/০৭/২০২১ - ৩১/১২/২০২৪) | ২,১২ | ১,০২,৪১ | ২৪,০০,০০ | ২৮,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩৮২৪০০ - দেশের বিভিন্ন কৌশলগত স্থানে নতুন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদি নির্মাণ প্রকল্প (০১/০৯/২০২৩-৩১/১২/২০২৬) | ২,১২ | ০ | ১০০,০০,০০ | ১৫০,০০,০০ | ২০৪,৯৮,০০ | ১৯৬,৪১,৭৭ | ০ |
| ২২৪৪০১১০০ - নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলায় ৪৮০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন চালের আধুনিক স্টীল সাইলো নির্মাণ (০১/০৭/২০২৪ - ৩১/১২/২০২৭) | ২ | ০ | ০ | ১,০০ | ১,০০ | ৮০,০০,০০ | ২৮৫,০২,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৪৫৮,৬৩,৪৩** | **১২০৪,৪১,০০** | **১৩৪৯,৯৮,০০** | **২৫০,৯৯,০০** | **২৭৬,৪১,৭৭** | **২৮৫,০২,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৪৫৮,৬৩,৪৩** | **১২০৪,৪১,০০** | **১৩৪৯,৯৮,০০** | **২৫০,৯৯,০০** | **২৭৬,৪১,৭৭** | **২৮৫,০২,০০** |
| মোট : | | **২১৩১৩,৪৭,১৮** | **২৩১৪৪,৬৫,৫৯** | **২৬৯০৭,১৭,৮৫** | **২৯৪৩৬,০১,১৫** | **২৫৯৭৪,৩৩,৮১** | **২৮০৩৮,৮৭,৬১** |

## ৬.৩ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে মোট ১২৯০টি নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণ করা হয়। এর মধ্যে মানসম্মত নমুনা পাওয়া যায় ৮০৩টি এবং মানহীন নমুনা ছিল ৪৮৭টি। মোবাইল ল্যাবরেটরির মাধ্যমে তাৎক্ষণিক ৬৫০৪টি নমুনা পরীক্ষা করা হয়। ৩৭৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ৩৭৪২২ জন শিক্ষার্থীর উপস্থিতিতে সেমিনার ও মোট ৫৭০০ জন গৃহিনীদের নিয়ে ১৮৯টি উঠান বৈঠক আয়োজন এবং হোটেল-রেস্তোরাঁর ৬২৬১ জন কর্মীদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়াও মোট ১২৫৮০টি খাদ্য স্থাপনা পরিদর্শন, ৪৩৪টি প্রতিষ্ঠানে গ্রেডিং প্রদান এবং ১১২টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে খাদ্যের নিরাপদতা নিশ্চিত করার উদ্যোগ নেয়া হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত ব্যবসায়ী | ১ | সংখ্যা | ২৫০০ | ১০৭৫ | ২৬০০ | ৩০০০ | ৩২০০ | ৩৫০০ | ৪০০০ |
| ২. নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক সেমিনার/ওয়ার্কশপ/ কর্মসূচি | অনুষ্ঠিত ইভেন্ট | ১ | সংখ্যা | ৪০ | ১২ | ৪৫ | ৪৫ | ৪৮ | ৫০ | ৫২ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩. শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কার্যক্রম | গৃহীত কার্যক্রম | ১ | সংখ্যা | ৪০০ | ২৩৪ | ৪৫০ | ৪৫০ | ৫০০ | ৫৫০ | ৫৮০ |
| ৪. নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক | আয়োজিত উঠান বৈঠক | ১ | সংখ্যা | ২০০ | ১১৩ | ২৫০ | ২৫০ | ৩০০ | ৩৫৬০ | ৩৮০ |
| ৫. দেশব্যাপী খাদ্যের নিরাপদতার ঝুঁকিভিত্তিক নমুনা পরীক্ষা ও মান নিয়ন্ত্রণ | পরিক্ষীত নমুনা | ১ | সংখ্যা | ১৪০০ | ৭১৩ | ১৪৫০ | ১৪৫০ | ১৫০০ | ১৫৫০ | ১৬০০ |
| ৬. দেশব্যাপী খাদ্য স্থাপনা ও বাজার পরিদর্শন | পরিদর্শনকৃত খাদ্য স্থাপনা ও বাজার | ১ | সংখ্যা | ৬০০০ | ৪৫৩৪ | ৬৫০০ | ৬৫০০ | ৭০০০ | ৭৫০০ | ৮০০০ |
| ৭. মোবাইল ল্যাবরেটরি এর মাধ্যমে তাৎক্ষণিক নমুনা পরীক্ষা | পরীক্ষিত নমুনা | ১ | সংখ্যা | ২৫০ | ১৮৭ | ২৬০ | ২৬০ | ২৭০ | ২৮০ | ৩০০ |
| ৮. নতুন হোটেল রেস্তোরাঁ গ্রেডিং প্রদান | গ্রেডিংকৃত নতুন হোটেল রেস্তোরাঁ | ১ | সংখ্যা | ১০০ | ১০০ | ১৫০ | ১৫০ | ২০০ | ২৫০ | ২৮০ |
| ৯. মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | ১ | সংখ্যা | ১৬০ | ৫২ | ১৭০ | ১৭০ | ১৮০ | ১৯০ | ২০০ |
| ১০. নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উন্নয়নে বিপত্তি (Hazard) প্রশমনে নমুনা পরীক্ষণ | পরীক্ষিত নমুনা | ১ | সংখ্যা | ১৬০০ | ১৬৫৭ | ১৭৫০ | ১৭৫০ | ১৯০০ | ২২০০ | ২৬০০ |

### ৬.৩.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০১৮৭০০ - নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | ১-২ | ৩৫,২০,১০ | ৪৯,৬৯,০০ | ৪৫,৪৪,০০ | ৪৬,৭৪,০০ | ৫০,৪৭,৯২ | ৫৪,৫১,৭৫ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৩৫,২০,১০** | **৪৯,৬৯,০০** | **৪৫,৪৪,০০** | **৪৬,৭৪,০০** | **৫০,৪৭,৯২** | **৫৪,৫১,৭৫** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৩৫,২০,১০** | **৪৯,৬৯,০০** | **৪৫,৪৪,০০** | **৪৬,৭৪,০০** | **৫০,৪৭,৯২** | **৫৪,৫১,৭৫** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৩০৪৩৯০০ - স্ট্রেংদেনিং দি ইনস্পেকশন, রেগুলেটরী এন্ড কোঅরডিনেটিং ফাংশন অব দি বাংলাদেশ ফুড সেফটি অথরিটি (১ম সংশোধিত)(০১/০৭/২০২১-৩০/০৬/২০২৬) | ১-২ | ৯,২৬,১৩ | ১২,০৪,০০ | ১১,০৪,০০ | ৬,৩১,০০ | ০ | ০ |
| ২২৪৩৩৭৭০০ - * বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ (১ম সংশোধিত) (০১/০৭/২১ - ৩০/০৬/২০২৫) | ১-২ | ২৯,৫৫,৪৫ | ১৯,২২,০০ | ১৫,০৩,০০ | ৬,৯৮,০০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৩৮,৮১,৫৮** | **৩১,২৬,০০** | **২৬,০৭,০০** | **১৩,২৯,০০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৩৮,৮১,৫৮** | **৩১,২৬,০০** | **২৬,০৭,০০** | **১৩,২৯,০০** | **০** | **০** |
| মোট : | | **৭৪,০১,৬৮** | **৮০,৯৫,০০** | **৭১,৫১,০০** | **৬০,০৩,০০** | **৫০,৪৭,৯২** | **৫৪,৫১,৭৫** |